

বাংলা একাডেমি বাঙালি জাতিসত্তা ও বুদ্ধিবৃত্তিক উৎকর্ষের প্রতীক



বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা ১০০০

বিজ্ঞপ্তি

অমর একুশে বইমেলা ২০২১

প্রাথমিক আগ্রহপত্র

বাংলা একাডেমি অমর একুশে উদ্বোধনের অংশ হিসেবে প্রতি বছর অমর একুশে বইমেলায় আয়োজন করে থাকে। এবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তিতে বইমেলায় বিশেষ গুরুত্ব রয়েছে। কিন্তু করোনা-পরিস্থিতিতে বহু দিক বিবেচনা করে বাংলা একাডেমিকে বইমেলা আয়োজনের দিকে অগ্রসর হতে হচ্ছে। ইতোমধ্যে একাডেমি প্রকাশকদের দুটি সমিতি ও অন্যান্য প্রতিষ্ঠানের সঙ্গে এ-বিষয়ে আলোচনা করেছে। প্রকাশকদের সমিতির পক্ষ থেকে প্রতি বছরের মতো এবারও বইমেলা আয়োজনের পরামর্শ দেওয়া হয়েছে। তবে তাঁরা স্বাস্থ্যবিধি মেনে চলার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

করোনা-পরিস্থিতি সম্পর্কে যেহেতু নিশ্চিতভাবে কিছু বলা যায় না, তাই সঙ্গত কারণেই বইমেলা সম্পর্কে সরকারের সামগ্রিক স্বাস্থ্যনীতির আলোকে গৃহীত ও প্রদত্ত সিদ্ধান্তে প্রতি সকলকে সম্মান দেখাতে হবে। এই অবস্থায় গতবার বইমেলায় স্টল পাওয়া (প্রকাশনা, শিশু, সরকারি, বেসরকারি, মিডিয়া, গবেষণা) প্রতিষ্ঠানগুলোর মধ্যে যারা ২০২১ সালের বইমেলায় অংশগ্রহণ করতে চান তাঁদের প্রাথমিক আগ্রহপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো। এবার কোনো প্রতিষ্ঠান বর্ধিত আকারের স্টলের আবেদন করতে পারবে না, তবে চাইলে স্টলের আকার কমাতে পারবে। অনিবার্য কারণে সরকারের বৃহত্তর স্বাস্থ্যনীতির স্বার্থে বইমেলা যেকোনো পর্যায়ে স্থগিত বা বাতিল হলে বাংলা একাডেমিকে দায়ী করা যাবে না।

৩০শে সেপ্টেম্বর ২০২০ তারিখের মধ্যে www.ba21bookfair.com-এই ওয়েবসাইটে থাকা প্রাথমিক আগ্রহপত্র জমা দিতে হবে। এই আগ্রহপত্র পূরণ করে জমাদানকারী প্রতিষ্ঠানগুলোই কেবল বইমেলায় অংশগ্রহণের সুযোগ পাবে। নতুন প্রতিষ্ঠান বইমেলায় অংশগ্রহণের সুযোগ পাবে কিনা তা পরে জানানো হবে।

প্রাথমিক আগ্রহপত্রের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বইমেলায় আয়তন, স্টলের বিন্যাস ও স্বাস্থ্যবিধির জন্য অনুসরণীয় শর্তাদি যুক্ত করা হবে। সুতরাং বইমেলা আয়োজনের জন্য বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ। এজন্য সকলকে নির্ধারিত সময়ের মধ্যে আগ্রহপত্র জমা দিতে অনুরোধ করা হলো।

২০২১ সালের বইমেলায় কোনো প্রতিষ্ঠান অংশগ্রহণ না-করলে ২০২২ সালের আবেদনপত্র বিবেচনার সময় সেই প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২০২০ সালের তথ্যাদির ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হবে।

বাংলা একাডেমি সবার সহযোগিতা প্রত্যাশা করে।

(ড. জালাল আহমেদ)

সদস্য-সচিব

অমর একুশে বইমেলা ২০২১ পরিচালনা কমিটি

বাংলা একাডেমি, ঢাকা ১০০০